

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
রাণীশংকৈল, ঠাকুরগাঁও

স্মারক নং-উমাশিকা/রাণী/ঠাক/শিক্ষা প্রতিষ্ঠান/২৩/৯৮/৪৯৭


তারিখ: ০১/০৭/২০২৬খ্রি.

বিষয়: আইসিটিডি ডিজিটাল ল্যাব ও ডিভাইসসমূহ মেরামত/প্রতিস্থাপন প্রসঙ্গে।

সূত্র ১- উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী এর স্মারক নং- ৫৬.০৪.৯৪৮৬.০০০.০৬.০০১.১৯-৪৬,  
তারিখ: ১৮/০৫/২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটিডি ডিজিটাল ল্যাব বিভিন্ন সময়ে পরিদর্শনকালে এর যথাযথ ব্যবহার পরিলক্ষিত হয় নাই। একই সাথে ল্যাবে স্থাপিত ডিভাইসসমূহের মধ্যে কিছু সংখ্যক ডিভাইস নষ্ট ও অচল পাওয়া গিয়েছে। বর্তমানে আইসিটি, রোবোটিক্স ও এআই এর বহুল ব্যবহার প্রায় সকল ক্ষেত্রেই পরিলক্ষিত হচ্ছে। ফলে শিক্ষার্থীদের এই সকল বিষয়ে পিছিয়ে থাকার কোনো সুযোগ নেই। বাংলাদেশে আইসিটি শিক্ষার গুরুত্ব অনুধাবনকল্পে ল্যাবের অচল, নষ্ট বা হারিয়ে যাওয়া ডিভাইসসমূহ দ্রুত মেরামত বা প্রতিস্থাপন করা অতীব গুরুত্বপূর্ণ বিবেচিত হয়।

এমতাবস্থায় শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা ২০১২ এর আলোকে ল্যাবের নষ্ট ডিভাইসসমূহ দ্রুত সচল বা প্রতিস্থাপন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০১/০৭/২০২৬  
(মোঃ বেলাল উদ্দীন সরকার)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)  
রাণীশংকৈল, ঠাকুরগাঁও


প্রতিষ্ঠান প্রধান .....বিদ্যালয়/কলেজ/মাদ্রাসা  
রাণীশংকৈল, ঠাকুরগাঁও। (ল্যাব স্থাপনকৃত শিক্ষা প্রতিষ্ঠান)

স্মারক নং-উমাশিকা/রাণী/ঠাক/শিক্ষা প্রতিষ্ঠান/২৩/৯৮/৪৯৭

তারিখ: ০১/০৭/২০২৬খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

- ১। উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
- ২। জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও।
- ৩। অফিস নথি।

  
০১/০৭/২০২৬  
(মোঃ বেলাল উদ্দীন সরকার)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)  
রাণীশংকৈল, ঠাকুরগাঁও